গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত আগস্ট, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৭ আগস্ট ২০২২ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)কে অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** জুলাই, ২০২২-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | জুলাই, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | **(ক) কোভিড-১৯ পরিস্থিতি :** (ক) কোভিড-১৯ পরিস্থিতি: সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৬৪ (তারিখ-১৬.০৮.২০২২) (এসএসডি-৪২+এফএসসিডি-৪৮৭+প্রিজন-৭৪৮+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৬) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬৫৬ (৯৯.৫২%) (এসএসডি-৪২+এফএসসিডি-৪৮৪+প্রিজন-৭৪৫+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। অপরদিকে ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যুবরণ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সকল কর্মচারীকে বুষ্টার ডোজ গ্রহণ ও মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দৈনন্দিন কার্যসম্পাদনের উপর সভায় বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। | ১)সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ ও মাঙ্কি পক্স এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলে তা নিশ্চিত করতে হবে। | **সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা।** |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **(ক)মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৪: সিদ্ধান্ত:৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।**<br>● সভাকে জানানো হয়, চুক্তিটি ০৫ জুলাই ২০২২ তারিখে স্বাক্ষরিত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | ১)বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী কার্যক্রম সম্পাদনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ) বহিরাগমন-২ শাখা** |
| | **<u>(খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪:</u> সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।**<br>● সভায় জানানো হয়, চুক্তিটি ১১ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে অনুসমর্থনের (Ratification) প্রস্তাব অনুমোদন করা হয়েছে। | ১)বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থার সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **<u>(গ) ২৪ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত:১৪।</u> বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br>● সভায় জানানো হয়, বাংলাদেশের সাথে সাউথ আফ্রিকার কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে সাউথ আফ্রিকার বর্তমান অবস্থান বিষয়ে হালনাগাদ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে ২৪ মার্চ ২০২১ তারিখে পত্র প্রদান করা হয়। পত্রে চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগকে অবহিতকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জানান, সাউথ আফ্রিকা চুক্তি স্বাক্ষরে আগ্রহী নয়। | ১)বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে করণীয় সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| **(ঘ) ৩১ মে ২০২১/১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত: ১৪। বাংলাদেশ ও বতসওয়ানার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল।('Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports') শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>● বাংলাদেশ ও বতসওয়ানার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের অনুকূলে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি ৩১ মে ২০২১ তারিখে অনুমোদন লাভ করেন। চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৯ জুন ২০২১ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগকে অবহিতকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জানান, মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর আগামী সেপ্টেম্বর, ২০২২ এ বতসওয়ানা সফরকালে চুক্তিটি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। | ১)বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| ঙ)**বিষয় :বাংলাদেশ ও স্টেট অব কাতার এর মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত।**<br><br>● পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জানান, মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর আগামী সেপ্টেম্বর, ২০২২ এ কাতার সফরকালে চুক্তিটি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। | বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| **(চ) বিষয়:বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুমোদন।**<br><br>● বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যকার অর্থনৈতিক ও বাণিজ্যিক সহযোগিতা সম্প্রসারণ ও সম্পর্ককে অধিকতর ফলপ্রসূ করার নিমিত্ত ভ্রমণ প্রক্রিয়া সহজতর করার অংশ হিসেবে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি ২৪ মার্চ ২০২২ তারিখে স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তিটি ১৪ জুলাই ২০২২ তারিখ থেকে কার্যকর হয়েছে। | বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থার সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে । | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |

| | | |
|---|---|---|
| **(ঙ) মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত:২০। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**<br><br>● খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। মালদ্বীপ সরকার অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব প্রেরণ করেন। উক্ত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের মতামত/অবস্থানের জন্য বিষয়টি অপেক্ষমান রয়েছে। | ১)বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| **(চ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ :০১ ফেব্রুয়ারি ২০১৬**<br>**সিদ্ধান্ত:৮।মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**<br><br>● বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১)লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ ।**<br>**বিষয়:জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩: এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**<br><br>● বর্তমানে Bangladesh Prison's and Correctional Services Act-2021-এর প্রণয়ন কাজ চলমান। এ বিভাগ হতে ০১ জুন ২০২২ তারিখে 'বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২'এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>**৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।** | ১)Bangladesh Prison's and Correctional Services Act, ২০২১-এর খসড়া প্রণয়নের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | **আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| **(জ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯**<br>**সিদ্ধান্ত: ৯.৩।ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।** | ১)ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | **সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।** |

<table>
<tr>
<td>২.৪</td>
<td>

**জনবল :**

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| এসএসডি | ২৭৭ | ২০৬ | ৭১ |
| ডিএনসি | ৩০৫৯ | ১৯২০ | ১,১৩৯ |
| এফএসসিডি | ১৪,৪৪৩ | ১২,১৭৫ | ২,২৬৮ |
| প্রিজন | ১২,১৭৮ | ১০,৪০০ | ১,৭৭৮ |
| ডিআইপি | ১,১৮৪ | ১,১৪৩ | ৪২ |
| মোট = | **৩১,১৪১** | **২৫,৮৪৪** | **৫,২৯৮** |

</td>
<td>১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের<br><br>বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;<br><br>২)যে সকল অধিদপ্তরে পদোন্নতিযোগ্য পদ শূন্য রয়েছে তা পূরণের যথাযথ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>

**জেলাপ্রশাসক সম্মেলন, ২০২২ এ বিভিন্ন মেয়াদে বাস্তবায়নের জন্য সর্বমোট ৮টি সিদ্ধান্ত রয়েছে।**

| অধিদপ্তর | স্বল্প | মধ্য | দীর্ঘ | মোট |
|---|---|---|---|---|
| ডিআইপি | ১ | ০ | ১ | ২ |
| প্রিজন | ১ | ১ | ২ | ৪ |
| এফএসসিডি | ০ | ১ | ১ | ২ |
| মোট | ২ | ২ | ৪ | ৮ |

</td>
<td>১) জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।</td>
</tr>
<tr>
<td>২.৬</td>
<td>ই-টেন্ডারিং : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা বরাবরে প্রেরণ করা হয়েছে। অপরদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে জুলাই, ২০২২ এ ইজিপিতে ১টি টেন্ডার আহ্বান করা হয়েছে।</td>
<td>১)বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩)সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)</td>
</tr>
</table>

২.৭ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:** ০৩ জুলাই ২০২২ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সাথে এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগের এপিএ'তে মোট ৪০টি সূচকের কার্যক্রম রয়েছে; যার বিপরীতে মোট ৭০ নম্বর বরাদ্দ রয়েছে।

১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে এবং কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

২.৮ **অডিট:**

| বিভাগ/সংস্থা | মোট অডিট আপত্তি | জড়িত অর্থের পরিমাণ | মোট নিষ্পত্তি কৃত আপত্তি | অবশিষ্ট আপত্তির সংখ্যা | অবশিষ্ট অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| এসএসডি | ৬টি | ৬৫,১১,৫২৯ | ০০ | ৬টি | ৬৫,১১,৫২৯ |
| ডিআইপি | ৯১টি | ২৮১০,২৩,৩৩,৬৬২ (সা:২৫২,৫০,৪৭,৩৪০ অ:২৫৫৭,৭২,৮৬,৩২১) | ২৩ | ৬৮ | ২৮০৪,৭৭,৩২,৮৪৮ |
| প্রিজন | ৪৮৭টি | ২৯৫,২২,৯৫,৩৪২ | ২৪৩ | ২৪৪ | ১৯১,৫০,৮৫,১৩০ |
| এফএসসিডি | ৪২টি | ১৭৯,৩৬,১৬,৫৭২ (২,৫৩,৮২,৬৮৯ ১৫৫,২৬,৬৭,৭৫৩ ২১,৫৫,৬৬,১৩০ | ২ (১৮-১৯) | ৪০ (১২ ১১ ১৭) | ৭৬,৫৩,৩৪,৯৭২ |
| ডিএনসি | ১৯টি | ৭৩৫,৪৫,৬৮,৩৯৯ | ৫ | ১৪ | ৭৩৩,৬৩,১৪,৮৫০ |

**সিদ্ধান্তসমূহ:**

১)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিষ্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু, ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরূপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২)যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব দ্রুত প্রদান করতে হবে।

৩)সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রুপান্তরিত না হয় সে জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।

**সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা।**

২.৯ **পেনশন:**

| অধিদপ্তর | পেনশনের সংখ্য | বিবেচ্য মাসে নিস্পত্তির সংখ্যা | অবশিষ্ট |
|---|---|---|---|
| এফএসসিডি | ৪ | ০ | ৪ |
| প্রিজন | ১ | ০ | ১ |

১)এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

**সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/ সংশ্লিষ্ট অনুবিভাগ।**

| | | | |
|---|---|---|---|
| ২.১০ | **পরিদর্শন:** বিবেচ্য মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর ২১টি, কারা অধিদপ্তর এর ১টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করা হয়েছে। | ১)প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে; | **অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।** |
| ২.১১ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি:** সভাকে জানানো হয়, কারা অধিদপ্তরের নিকট ৬টি অনিষ্পন্ন বিষয় আছে। যথাঃ ১)কাশিমপুরে ২০০ শয্যা বিশিষ্ট কারা হাসপাতালের জন্য সৃষ্ট ৫৫ ক্যাটাগরির ১৫০টি অস্থায়ী পদ স্থায়ীকরণ; ২)খুলনা, দিনাজপুর ও ফরিদপুর জেলা কারাগারকে কেন্দ্রীয় কারাগার হিসাবে ঘোষণার প্রশাসনিক অনুমোদন; ৩) কারারক্ষীদের ব্যবহারের জন্য হেলমেট, রায়ট শিল্ড ও লেগস ইন গার্ড এর প্রাধিকার সৃজন ; ৪) কক্সবাজার জেলা কারাগার সম্প্রসারণের নিমিত্ত ২,৫৪ একর খাসজমি বন্দোবস্ত ও ৪.৫২ একর ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন; ৫) গাইবান্ধা জেলা কারাগারের জন্য ৬ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন; ৬) নড়াইল জেলা কারাগারের জন্য অতিরিক্ত ২.১০ একর জমি অধিগ্রহণ। ৬টি বিষয় যথারীতি নিষ্পন্ন করা হয়েছে। | ১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।** |
| ২.১২ | **প্রশিক্ষণ (জুলাই, ২০২২):** লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | ১)জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |
| ২.১৩ | **ওয়েবসাইট হালনাগাদকরণ :**<br>**ডিআইপি**:প্রজ্ঞাপন-২টি, অফিস আদেশ-৩টি, নোটিশ-২টি ও দরপত্র নোটিশ-২টি।<br><br>**ডিএনসি**: এনওসি/জিও-৮, নোটিশ/অফিস আদেশ-৩৬টি, ছবি আপলোড-৯টি। প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি-৪২টি ও সভার কার্যবিবরণী-৩টি আপলোড করা হয়েছে।<br><br>**এফএসসিডি**:নোটিশ-৩টি, এনওসি-৬টি, অফিস অর্ডার-২টি ও বহি: বাংলাদেশ ছুটি-৩টি।<br><br>**প্রিজন**:নোটিশবোর্ড-৪টি, সার্কুলার-৭টি, পোস্টিংঅর্ডার/জিও-৮টি, এনওসি-৯টি, অফিসআদেশ-১২টি, বহিঃবাংলাদেশছুটি-৫টি, খবর-১টি ও টেন্ডার- ৩টি। | ১)জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালনাগাদকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট অব্যাহত রাখতে হবে; | **অধিদপ্তর প্রধান (সকল)।** |

<table>
<tr><td>২.১৪</td><td>ই-ফাইলিং:<br>ফায়ার সার্ভিস ওসিভিল ডিফেন্স অধিদপ্তর : বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৮৫% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br><br>কারা অধিদপ্তর: বিবেচ্য মাসে নিষ্পত্তিযোগ্য নথিতে ৮০% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।</td><td>১)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-নথিতে নিষ্পত্তিকৃত কার্যক্রমের অগ্রগতি শতকরা হারে বিভাগ/দপ্তর/সংস্থাওয়ারী প্রতি মাসের সমন্বয়সভায় ছকে উপস্থাপন করতে হবে।</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)।</td></tr>
<tr><td>২.১৫</td><td>ইনোভেশন ও উত্তম চর্চা : ২২ আগস্ট ২০২২ তারিখে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানের জন্য দিন নির্ধারিত করা আছে। ১ (এক) মাসের মধ্যে প্রত্যেক দপ্তর/সংস্থা হতে কমপক্ষে ৩টি করে ইনোভেশন প্রস্তাব দাখিল করার জন্য অনুরোধ করা হয়।</td><td>১)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি বছরের ইনোভেশন কার্যক্রম করার সকল আনুষ্ঠানিকতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br>২)বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে মনিটর করতে হবে।</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা।</td></tr>
<tr><td>২.১৬</td><td>ভিডিও কনফারেন্সিং :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>ভিডিও কনফারেন্সর সংখ্যা</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৯টি</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১টি</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>২টি</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৯টি</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৪টি</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২৫টি</td></tr>
</table></td><td>১)মাঠ পর্যায়ের দপ্তরগুলোর সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।</td><td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td></tr>
<tr><td>২.১৭</td><td colspan="2">সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :<br>বাস্তবায়ন অগ্রগতি:<br>ছক-ক.
<table>
<tr><th>ক্রম-(১)</th><th>দপ্তর/সংস্থা-(২)</th><th>গত মাস পর্যন্ত মামলার সংখ্যা (৩)</th><th>চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা-(৪)</th><th>মোট মামলার সংখ্যা-(৫)</th><th>নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা-(৬)</th><th>অবশিষ্ট মামলার সংখ্যা-(৭)</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>১০ম-২০তম গ্রেড=২</td><td>০</td><td>২</td><td>০</td><td>২</td></tr>
</table></td><td></td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২ | ডিআইপি | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=৮ মোট=৯টি | ০ | ৯ | ২য়-৯ম গ্রেড=১ মোট-১টি | ৮ |
| ৩ | এফএসসিডি | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=৯৪ মোট=৯৫টি | ০ | ৯৫ | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=৪ মোট-৫টি | ৯০ |
| ৪ | ডিএনসি | ১০ম-২০তম গ্রেড=৩৮ মোট=৩৮টি | ১০ম-২০তম গ্রেড=১ | ৩৯ | ০ | ৩৯ |
| ৫ | প্রিজন | ২য়-৯ম গ্রেড=৩ ১০ম-২০তম গ্রেড=৪২৬ মোট-৪২৯টি | ১০ম-২০তম গ্রেড=৩৯ | ৪৬৮ | ১০ম-২০তম গ্রেড=৪৬ | ৪২২ |
| মোট | | **৫৭৩** | **৪০** | **৬১৩** | **৫২** | **৫৮১** |

**<u>বিভাগীয় আপিল মামলা/এএটি/এটি সংক্রান্ত পরিসংখ্যান:</u>**

**ছক-খ.**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত আপিল মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত আপিল মামলার সংখ্যা-(৪) | মোট আপিল মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট আপিল মামলার সংখ্যা-(৭) | এএটি/এটি মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ১ | ১ | ০ | ১ | ০ |
| ২ | ডিআইপি | ১০ম-২০তম গ্রেড=৩ মোট-৪টি | ০ | ১ | ০ | ১ | এটি-৬ এএটি-৬ |
| ৩ | এফএসসিডি | ১০ম-২০তম গ্রেড=৩ মোট-৩টি | ০ | ৩ | ০ | ৩ | এটি-৬ এএটি-১ |
| ৪ | ডিএনসি | ১ | ৩ | ৪ | ০ | ৪ | এটি-১৯ এএটি-৬ |
| ৫ | প্রিজন | ০ | ০ | ০ | ০ | ০ | এটি-৭৬ এএটি-২৭ |
| মোট | | **৮** | **৪** | **৯** | **০** | **৯** | **এটি-১০৭ এএটি-৪০** |

**ছক-গ). অন্যান্য মামলার তথ্য (সিভিল):**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | লিভ-টু-আপিল | রিট | সিভিল রিভিশন | দেওয়ানি | ফৌজদারি | মামলার অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ৩ | ০ | ০ | ০ | চলমান |
| ২ | ডিআইপি | ৮ | ৮০ | ১ | ০ | ০ | মোট ৮৯টি মামলা চলমান |
| ৩ | এফএসসিডি | ০ | ৫৮ | ০ | ০ | ০ | |
| ৪ | ডিএনসি | ০ | ৫৮ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | প্রিজন | ২২ | ৭৫ | ৭ | ০ | ০ | ০ |

**সিদ্ধান্তসমূহ:**

১)চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

২)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;

৩)তদবীরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।

| | | | |
|---|---|---|---|
| **২.১৮** | **বিবিধ** | ১)এ বিভাগের অনুবিভাগসমূহে কাজের ক্ষেত্রে কি ধরনের চ্যালেঞ্জ আছে তা বুলেট ফরমেটে অনুবিভাগ প্রধানগণ সচিবের নিকট দাখিল করবেন। | **সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণ।** |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করার জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে দ্রুততার সাথে নিষ্পত্তি করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০১৪.০৬.০০২.১৭.২৮৫

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৯
৩০ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মোঃ আবদুল কাদির
উপসচিব